



SAMARJIT BHOWMIK

SECRETARY  
GOVERNMENT OF TRIPURA  
NEW SECRETARIAT COMPLEX  
P.O.-KUNJABAN, 799 006  
AGARTALA


## জাতীয় কৃমিনাশক দিবস উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের মাননীয় সচিবের আবেদন

সারা দেশের সঙ্গে এ রাজ্যেও ১০ আগস্ট ২০১৮ জাতীয় কৃমিনাশক কর্মসূচী সংগঠিত করা হবে।

এই কৃমিনাশক কর্মসূচীতে রাজ্যের প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ১ থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের এবং প্রতিটি সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে ৬ থেকে ১৯ বছর পর্যন্ত প্রত্যেক ছেলে-মেয়েদের বিনামূল্যে কৃমিনাশক ওষুধ 'অ্যালবেনডাজেল' খাওয়ানো হবে। বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যাদের নাম নথিভুক্ত নেই সেই সমস্ত ১ থেকে ১৯ বছর বয়স পর্যন্ত ছেলে-মেয়েদের সংশ্লিষ্ট অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিনামূল্যে কৃমিনাশক ওষুধ খাওয়ানো হবে। যে সমস্ত ছেলে-মেয়েকে ১০ আগস্ট ২০১৮ কৃমিনাশক ওষুধ খাওয়ানো সম্ভব হবে না তাদের ১৭ ও ১৮ আগস্ট ২০১৮ মপ আপ দিবসে এই ওষুধ খাওয়ানো হবে। পেটে বেশি পরিমাণে কৃমি থাকলে ওষুধ খাওয়ার পর শিশুর বমি বমি ভাব, হালকা পেটে ব্যথা, পাতলা পায়খানা এবং ক্লান্তি হতে পারে। কৃমিনাশক ওষুধ খাওয়ার ফলে এধরনের প্রতিকূল ঘটনা সাধারণত সহজেই নিয়ন্ত্রণ করা যায়। প্রয়োজনে সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মী অথবা নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন। মনে রাখবেন ছেলে মেয়েদের কৃমির সংক্রমণ থেকে বাঁচাতে হাত ও পায়ের নখ ছোট করে কাটতে হবে। খাবার আগে ও মলত্যাগের পর হাত ভাল করে সাবান দিয়ে ধুয়ে নিতে হবে।

এই কর্মসূচীকে সাফল্যমন্ডিত করতে জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর শিক্ষা (বিদ্যালয়) দপ্তর, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর এর কর্মচারীরা নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করবেন বলে আমার বিশ্বাস।

এই কর্মসূচীর সুবিধা গ্রহণ করতে সর্বস্তরের জনসাধারণের প্রতি বিশেষ অনুরোধ রইল।

  
(সমরজিৎ ভৌমিক)  
স্বাস্থ্য সচিব  
ত্রিপুরা সরকার